গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
E-mail: useofulbarikurigram@gmail.com

স্মারক নং-উমাশিঅ/ফুল/কুড়ি/২০২১/১২৬ তারিখ ঃ ০২/০৮/২০২১ খ্রিঃ।

বিষয় ঃ মাধ্যমিক ও মাদরাসার শিক্ষা কমিটির সভা আহবান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মাধ্যমিক ও মাদরাসার শিক্ষা কমিটির আগষ্ঠ/২০২১ খ্রিঃ মাসের সভা আগামী ০৯.০৮.২০২১ খ্রিঃ রোজ সোমবার বেলা ১২.০০ ঘটিকায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম এর সভাপতিত্বে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, কুড়িগ্রাম এ অনুষ্ঠিত হবে উক্ত সভায় আপনাকে যথা সময়ে উপস্থিত থাকার অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় সমূহ ঃ

০১। তথ্য দ্রুততার সাথে আদান প্রদান বিষয়ক শিক্ষকগণের প্রশিক্ষণ।
০২। শিক্ষা প্রতিষ্ঠানের পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করন ও কোভিড-১৯ এর কারণে প্রতিষ্ঠানে পরিচালনায় দিক নিদের্শনা অনুসরন।
০৩। প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কর্মকান্ডের চাহিদা প্রদান।
০৪। অনলাইন ক্লাস পরিচালনা।
০৫। বিবিধ।

প্রাপক ঃ জনাব ...............................................
ফুলবাড়ী,কুড়িগ্রাম।

(মোঃ আব্দুল হাই)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (চঃদাঃ)
ও
সদস্য সচিব
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
তারিখ ঃ ০২/০৮/২০২১ খ্রিঃ।

স্মারক নং-উমাশিঅ/ফুল/কুড়ি/২০২১/১২৬/০৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরন করা হলো ঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
০২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
০৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
০৪। অফিস নথি।

(মোঃ আব্দুল হাই)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (চঃদাঃ)
ও
সদস্য সচিব

পরিশিষ্ট- "ক"

মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটির হাজিরা স্বাক্ষরঃ

স্থানঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, কুড়িগ্রাম। সভার তারিখ: 0৯/0৮/2022

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ আব্দুল লতিফ | ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সভাপতি | |
| ২ | মোঃ মুসাব্বের আলী | চেয়ারম্যান<br>নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৩ | মোঃ হারুন অর রশীদ | চেয়ারম্যান<br>ফুলবাড়ী সদর ইউনিয়ন পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৪ | মোঃ এরশাদুল হক | উপজেলা শিক্ষা কর্মকর্তা<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৫ | মোঃ আব্দুল হাই | উপজেলা মাধ্যমিক কর্মকর্তা<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য-সচিব | |

## মাধ্যমিক শিক্ষা ও মাদরাসা বিভাগীয় কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ আব্দুল লতিফ,ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

সভার স্থান ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

সভার তারিখ ও সময় ঃ ০৯/০৮/২০২১ খ্রিঃ, বেলা ১২.০০ ঘটিকা।

সম্মানিত সদস্যগণের উপস্থিতি পরিশিষ্ট "ক" তে দেখানো হলো

অদ্যকার সভার সভাপতি জনাব মোঃ আব্দুল লতিফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রামকে সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করতে বলেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সকলকে স্বাগত জানিয়ে আলোচ্য বিষয়গুলি উপস্থাপন করেন।

সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ নিম্নরুপ ঃ

| আলোচ্য বিষয় সমূহ | গৃহীত সিদ্ধান্ত সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তিবর্গ |
|---|---|---|
| গত সভার সিদ্ধান্ত সমুহ পঠন ও অনুমোদন | গত সভার সিদ্ধান্ত সমুহ সভায় পাঠ করে শোনানো হয় এবং তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদন করা হয়। | |
| দ্রুততার সাথে তথ্য আদান প্রদান বিষয়ক শিক্ষকগণের প্রশিক্ষণ | উপজেলা পরিষদের অর্থায়নে প্রতিষ্ঠান প্রধান ও অফিস সহকারীদের ০২(দুই) দিনের প্রশিক্ষণের গ্রহনের জন্য সভায় বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট শিক্ষা কমিটি। |
| শিক্ষা প্রতিষ্ঠানের পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করণ | সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগনকে তাঁদের শিক্ষার্থী-শিক্ষক-কর্মচারীদের জন্য স্বাস্থ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান চত্বর, মাঠ, বারান্দা, শেণি কক্ষ, ওয়াশ রুম ইত্যাদি ধোঁয়ামোছা (Hygienic Wash), ব্লিচিং পাউডার দ্বারা পরিস্কার পরিচ্ছন্ন করতে হবে যাতে করে সরকারী নির্দেশনা পাওয়া মাত্রই পূনরায় শ্রেণি কার্যক্রম চালু করা যায়। | প্রতিষ্ঠান প্রধান ও কমিটি |
| এ্যাসাইনমেন্ট সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ | শিক্ষা প্রতিষ্ঠান সমুহে চলমান এ্যাসাইনমেন্ট কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অধিদপ্তর/বোর্ডের নির্দেশনা মোতাবেক এ্যাসাইনমেন্ট মূল্যায়ন এবং এ্যাসাইনমেন্ট সংক্রান্ত সকল প্রকার তথ্য সংরক্ষণ করার জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরাধ জানানো হয়। | প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট শিক্ষকগণ |
| প্রতিষ্ঠানের অবকাঠামোগত উন্নয়ন | উপজেলা পরিষদের অর্থায়নে প্রতিষ্ঠানের অফিস কক্ষ, শ্রেণিকক্ষ মেরামত/নির্মাণ, ওয়াশ ব্লক স্থাপন, শিক্ষামূলক বাণী সম্বলিত ফেস্টুন, প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা ( 1st Aid box) উপকরন সরবরাহ করার সভায় বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট শিক্ষা কমিটি। |
| অনলাইনে ক্লাস পরিচালনা | প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান প্রতিদিন অন্তত ৩টি করে শ্রেণি পাঠদান অনলাইনে গ্রহন ও তা প্রতিষ্ঠানের ফেসবুকে আপলোড করা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের ফেসবুক আইডিতে (useofulbarikurigram) ট্যাগ করার জন্য বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। ''আমার ঘরে আমার স্কুল'' এর আওতায় সংসদ টিভি কর্তৃক প্রচারিত শ্রেণি পাঠদান ও প্রতিষ্ঠান কর্তৃক আপলোডকৃত অনলাইন ক্লাশ সমুহ পরিচালনা ও শিক্ষার্থীদের অংশগ্রহন নিশ্চিত করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট শিক্ষক |
| কোভিড-১৯ এর কারণে প্রতিষ্ঠান পরিচালনার দিক নির্দেশনা অনুসরন | কোভিড-১৯ এর কারণে সামাজিক দুরত্ব বজায় রেখে ও স্বাস্থ্য বিধি অনুসরন পূর্বক এবং মন্ত্রণালয় প্রদত্ত "শিক্ষা প্রতিষ্ঠান চালুকরণ নির্দেশনা" (কপি সংযুক্ত) মোতাবেক প্রতিষ্ঠান পরিচালনার কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রধানগণকে অনুরাধ জানানো হয়। | প্রতিষ্ঠান প্রধান ও কমিটি |
| প্রতিষ্ঠানে পর্যাপ্ত পরিমাণে স্বাস্থ্য সুরক্ষার সামগ্রী রাখা | শিক্ষা প্রতিষ্ঠান সমুহে শিক্ষার্থী-শিক্ষক-কর্মচারীদের স্বাস্থ্য সুরক্ষার জন্য হাত ধোঁয়ার সাবান, হ্যান্ড সিনিটাইজারসহ পর্যাপ্ত পরিমাণে পানির ব্যবস্থা রাখার জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরাধ জানানো হয়। | প্রতিষ্ঠান প্রধান ও কমিটি |
| বাল্যবিবাহ প্রতিরোধ ও উপজেলা ব্যাপি শিক্ষার্থীদের সমাবেশ | কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলা একটি দরিদ্র এবং অনগ্রসর উপজেলা। দারিদ্রতার কারণে সিংহভাগ অভিভাবক তাদের ছেলেমেয়েদের অপ্রাপ্ত বয়সে বিয়ে দিয়ে নিজেদের দায়বদ্ধতা এড়ানোরচেষ্টা চালিয়ে যাচ্ছে। এমতাবস্থায় উপজেলা ব্যাপী শিক্ষা প্রতিষ্ঠান সমুহে শিক্ষার্থীদের নিয়ে বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ক সমাবেশের মাধ্যমে বাল্যবিবহ মুক্ত উপজেলা ঘোষণা করা সম্ভব মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |

| | | |
|---|---|---|
| মাদক বিরোধী ক্যাম্পেইন | কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলা একটি সীমান্তবর্তী ও অনগ্রসর উপজেলা হওয়ায় এখানে মাদক সেবন, মানব পাচার ও চোরাচালানের প্রভাব দিন দিন রেড়েই চলেছে। যা প্রতিরোধ করা একান্ত জরুরী। সেলক্ষ্যে মাদকসেবন, মানব পাচার ও চোরাচালান প্রতিরোধে মতামত পোষণকারী ব্যক্তিদের ভূমিকা শীর্ষক প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

(মো: আব্দুল লতিফ)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফুলবাড়ী,কুড়িগ্রাম।

স্মারক নং- উমাশিঅ/ফুল/কুড়ি/২০২১/১৪৮, তারিখঃ-০৯/০৮/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো ঃ

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী,কুড়িগ্রাম।
২. উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী,কুড়িগ্রাম।
৩. ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪. উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫.চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, (ফুলবাড়ী/নাওডাঙ্গা ) ফুলবাড়ী,কুড়িগ্রাম।
৬.অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, .......................................................................
কলেজ/স্কুল ও কলেজ/বিদ্যালয়/মাদ্রাসা, ফুলবাড়ী,কুড়িগ্রাম।
৭. জনাব ..............................................................ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৮. অফিস নথি।

(মোঃ আব্দুল হাই)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার(চ:দা:)
ফুলবাড়ী,কুড়িগ্রাম।